

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।

www.dme.gov.bd

স্মারক নং : ৫৭.২৫.০০০০.০০৩.০২.০৩৪.১৭- ৬৬২

তারিখঃ ২০.১১.২০১৭ খ্রিঃ।

বিষয়: গহিরা এফ,কে, জামেউল উলুম বহুমুখী কামিল মাদরাসায় উপাধ্যক্ষ পদে নিয়োগ বিষয়ে প্রয়োজনীয় তথ্যসহ একটি প্রতিবেদন মাদরাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরণ নিশ্চিতকরণ প্রসঙ্গে।

সূত্র: (১) গহিরা এফ,কে, জামেউল উলুম বহুমুখী কামিল মাদরাসায় স্মারক নং-গ.কা./৫৭/১৭(২)

তারিখ: ১১.০৯.২০১৭ খ্রি:।

(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮ (অংশ)/২৭৪

তারিখ: ০৯.০৯.২০১৫ খ্রি:।

(৩) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৩.০২.০৩৪.১৭-৭৮৯

তারিখ: ১৭.১০.২০১৭ খ্রি:।

(৪) গহিরা এফ,কে, জামেউল উলুম বহুমুখী কামিল মাদরাসার স্মারক নং-গ.কামা/৭৪/১৭(৩)

তারিখ: ০৫.১১.২০১৭ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত ১ নং স্মারক মূলে উল্লেখিত মাদরাসার অধ্যক্ষ এর আবেদনের প্রেক্ষিতে সূত্রোক্ত (২) নং স্মারকের মাধ্যমে মাদরাসা শিক্ষা অধিদপ্তরের উপর অর্পিত ক্ষমতা বলে “ উপাধ্যক্ষ” পদে নিয়োগের লক্ষ্যে ড. মোহাম্মদ ছরওয়ার আলম, পরিচালক (প্রশাসন ও অর্থ) কে উক্ত মাদরাসার নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা-এর প্রতিনিধি হিসেবে সূত্রোক্ত ৩ নং স্মারক মূলে দায়িত্ব পালনের নিমিত্ত মনোনয়ন প্রদান করা হয়।

০২. ইতোমধ্যে সূত্রোক্ত ৪ নং স্মারক মূলে মহোদয় কর্তৃক মাদরাসা শিক্ষা অধিদপ্তরে একখানা আবেদন দাখিল করা হয়।

০৩. দাখিলকৃত আবেদনে ডিজি নির্ধারিত প্রতিনিধি পরিবর্তনের জন্য মহোদয় কর্তৃক অনুরোধ করা হয়।

০৪. উপরিউক্ত মতে ডিজি'র প্রতিনিধি মনোনয়নের পর এ যাবৎ নিয়োগ কার্যক্রম সম্পন্ন না হওয়ায় এ বিষয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহণের নিমিত্ত নিম্ন বর্ণিত তথ্যাদি প্রয়োজন-

(ক) মহোদয় কর্তৃক দাখিলকৃত আবেদন হতে দেখা যায় যে, বর্ণিত মাদরাসার সভাপতি কর্তৃক উপাধ্যক্ষ পদে নিয়োগের নিমিত্ত তারিখ নির্ধারণ করা হয়। তবে তা কবে এটা তাঁর (অধ্যক্ষ) আবেদনে উল্লেখ করা হয়নি। উক্ত নির্ধারিত তারিখের প্রমাণক আবশ্যিক।

(খ) কি কারণে ডিজি নির্ধারিত প্রতিনিধি পরিবর্তনের প্রয়োজন এর কারণসহ প্রমাণক আবশ্যিক।

(গ) বর্ণিত মাদরাসার উপাধ্যক্ষ (শূণ্য) পদে নিয়োগে নিয়োগ বোর্ড কাদের নিয়ে গঠিত হয়েছে এর তথ্য আবশ্যিক (নাম, পদবী/পরিচয়সহ)?

(ঘ) নিয়োগ নির্বাচনী বোর্ডের সকল সদস্যের সাথে আলোচনাক্রমে নিয়োগ পরীক্ষার তারিখ নির্ধারণ করা হয়েছিল কি-না এর তথ্য প্রয়োজন (প্রমাণকসহ)?

(ঙ) কত তারিখে নিয়োগ পরীক্ষার তারিখ নির্ধারণ করা হয়েছিল এর তথ্য প্রয়োজন (প্রমাণকসহ)?

(চ) নিয়োগ পরীক্ষার তারিখ নির্ধারণের পর নিয়োগ কমিটির সকল সদস্যকে কোন পদ্ধতিতে অবহিত করা হয়েছিল এর প্রমাণক আবশ্যিক?

০৫. উপরিউক্ত মতে ডিজি'র প্রতিনিধি মনোনয়নের পর এ যাবৎ নিয়োগ কার্যক্রম সম্পন্ন না হওয়ায় এ বিষয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহণের নিমিত্ত উপরিউক্ত তথ্যাদি প্রয়োজন।

০৬. এমতাবস্থায় গহিরা এফ,কে, জামেউল উলুম বহুমুখী কামিল মাদরাসায় উপাধ্যক্ষ পদে নিয়োগ বিষয়ে উপরিউক্ত তথ্যসহ একটি প্রতিবেদন আগামী ২৭.১১.২০১৭ খ্রি: তারিখের মধ্যে এ অধিদপ্তরে প্রেরণ নিশ্চিতকরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অধ্যক্ষ

গহিরা এফ,কে, জামেউল উলুম বহুমুখী কামিল মাদরাসা, ডাক:গহিরা, রাউজান, চট্টগ্রাম।

অনুলিপি:


১. সচিব, কারিগরী ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২. উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল।

৩. জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম।

৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাউজান, চট্টগ্রাম।

৫. অফিস কপি


তারিখ: ২০.১১.১৭
মো: আফাজ উদ্দীন
সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
ফোন নং- ৯৩৪৫৮৮০
ই-মেইল-dgdmeb@gmail.com